**ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়**
**চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড**
**চট্টগ্রাম সেনানিবাস**
www.cbctg.gov.bd

স্মারক নম্বর ২৩.২২.০০০০.৭০৪.০১১.১৮.০০০৮.২৪.৯৯৫৮ তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ০৭ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয় :** আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নকরণ।

সূত্র : ক) জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম, আগ্নেয়াস্ত্র শাখা এর ০১ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখের ০৫.৪২.১৫০০.০০০.৫০৪. ৬১.০০০৭.২৩.৩৯৭ নং অফিস আদেশ।
খ) জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, আগ্নেয়াস্ত্র শাখা, চট্টগ্রামের ২৪ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখের ০৫.৪২.১৫০০.৫০৪. ৬১.০০৭.১৮.২৩-৩৮৬(১৩০) নং বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত 'ক' অফিস আদেশের পরিপ্রেক্ষিতে সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ২২ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখ চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রামের অধিক্ষেত্রভুক্ত লাইসেন্সধারী ব্যক্তি/প্রতিষ্ঠানের আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ২০২৬ সালের নবায়নের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম কর্তৃক নিম্নবর্ণিত সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-কে দায়িত্ব প্রদান করা হয়েছে। উক্ত নবায়ন কার্যক্রম নিম্নবর্ণিতভাবে পরিচালিত হবে:-

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবী | প্রতিকল্প কর্মকর্তার নাম ও পদবী | নবায়নের স্থান | তারিখ |
|---|---|---|---|---|
| ০১। | জনাব শাকিব শাহরিয়ার<br>সহকারী কমিশনার ও<br>বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট<br>জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, চট্টগ্রাম। | জনাব শিফাত বিনতে আরা<br>সহকারী কমিশনার ও<br>বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট<br>জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, চট্টগ্রাম। | চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস।<br><br>(কক্ষ নং ১০৪) | ২২ ডিসেম্বর ২০২৫ খ্রি.<br>রোজ সোমবার |

০২। এমতাবস্থায়, বর্ণিত তারিখে আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণকে চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাসের কক্ষ নং ১০৪ এ উপস্থিতি নিশ্চিত করে লাইসেন্স নবায়ন করার নিমিত্ত সেনানিবাসের সকল সদর দপ্তর/ইউনিট/দপ্তরসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

০৭/১২/২৫

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

(সাইদুজ্জামান চৌধুরী)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
চট্টগ্রাম সেনানিবাস।
ফোন নম্বর-০২৩৩৯২৪৩১৬২
ইমেইল: ceo_chattogram@dmlc.gov.bd
cbchittagong@gmail.com

স্টেশন সদর দপ্তর চট্টগ্রাম
চট্টগ্রাম সেনানিবাস।

স্মারক নম্বর ২৩.২২.০০০০.৭০৪.০১১.১৮.০০০৮.২৪.৯৯৫৮ তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ০৭ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।**
১। এরিয়া সদর দপ্তর চট্টগ্রাম, চট্টগ্রাম সেনানিবাস।
২। জেলা প্রশাসকের কার্যালয়, আগ্নেয়াস্ত্র শাখা, চট্টগ্রাম।

০৭/১২/২৫

(সাইদুজ্জামান চৌধুরী)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার

০৭/১২/২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
আগ্নেয়াস্ত্র শাখা
www.chittagong.gov.bd

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৫.৪২.১৫০০.০০০.৫০৪.৬১.০০০৭.২৩.৩৯৭

**বিষয়: অফিস আদেশ**

চট্টগ্রাম জেলা ও মহানগরের থানাধীন এবং ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রামের অধিক্ষেত্রভুক্ত লাইসেন্সধারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ২০২৬ সালের নবায়নের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে নিম্নোক্ত সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে দায়িত্ব প্রদান করা হলো।

| ক্র:নং | কর্মকর্তার নাম ও পদবী | প্রতিকল্প কর্মকর্তার নাম ও পদবী | নবায়নের স্থান | তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | জনাব এস এম আমিনুল মোস্তফা সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, চট্টগ্রাম। | জনাব শাকিব শাহরিয়ার, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, চট্টগ্রাম। | জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, আগ্নেয়াস্ত্র শাখা, চট্টগ্রাম। | ০১/১২/২০২৫খ্রি. হতে ৩১/১২/২০২৫খ্রি. |
| ০২ | জনাব জান্নাতুল ফেরদাউস, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, চট্টগ্রাম। | | জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, আগ্নেয়াস্ত্র শাখা, চট্টগ্রাম। | ০১/১২/২০২৫খ্রি. হতে ৩১/১২/২০২৫খ্রি. |
| ০৩ | জনাব শাকিব শাহরিয়ার সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, চট্টগ্রাম। | জনাব শিফাত বিনতে আরা সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, চট্টগ্রাম। | ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম। | ২২/১২/২০২৫খ্রি. রোজ সোমবার |

০১-১২-২০২৫
মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা
জেলা ম্যাজিস্ট্রেট
০২-৪১৩৬০৯৫৫ (ফোন)
০২-৪১৩৬০৯৩৪ (ফ্যাক্স)
dcchittagong@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব এস এম আমিরুল মোস্তফা সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
২। জনাব জান্নাতুল ফেরদাউস সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
৩। জনাব শাকিব শাহরিয়ার সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
৪। জনাব শিফাত বিনতে আরা সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।

**স্মারক নম্বর:** ০৫.৪২.১৫০০.০০০.৫০৪.৬১.০০০৭.২৩.৩৯৭/১(১৭)

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
২। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম।
৪। জেলা ম্যাজিস্ট্রেট, ..........................................।।
৫। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৬। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার,, ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম। [তাঁকে তাঁর কর্মক্ষেত্রের আওতাধীন সকল লাইসেন্সধারী সেনা কর্মকর্তা ও সেনা সদস্যগণকে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের জন্য ধার্য তারিখে উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।]।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(এল.এ.)/(সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।।
৮। উপজেলা নির্বাহী অফিসার, ............................(সকল), চট্টগ্রাম।
৯। নেজারত ডেপুটি কালেক্টর,, চট্টগ্রাম। [তাঁকে ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রামের আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ নবায়নের নিমিত্ত ধার্য তারিখ ও সময়ে সংশ্লিষ্ট সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের যাতায়াতের জন্য গাড়ি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।।
১০। জনাব এস এম আমিরুল মোস্তফা, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট,, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
১১। জনাব জান্নাতুল ফেরদাউস, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।।
১২। জনাব শাকিব শাহরিয়ার, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
১৩। জনাব শিফাত বিনতে আরা, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।।
১৪। সহকারী কমিশনার,, আইসিটি শাখা, জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, চট্টগ্রাম [তাঁকে উক্ত বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইটে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।]।
১৫। অফিসার ইনচার্জ,, ............................................(সকল) থানা, চট্টগ্রাম।।
১৬। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, কোর্ট হিল শাখা, চট্টগ্রাম।।
১৭। অফিস কপি, ।

০১-১২-২০২৫
মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা
জেলা ম্যাজিস্ট্রেট

| | |
|---|---|
| সি ই ও | ✓ |
| সহকারী সচিব | |
| কার্যক্রম | UDA |
| ডায়েরী নং | ৬৮৪৮ ৩০/১১/২৫ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
(আগ্নেয়াস্ত্র শাখা)
চট্টগ্রাম।
www.chittagong.gov.bd

স্মারক নম্বর-০৫.৪২.১৫০০.৫০৪.৬১.০০৭.১৮.২৩- ৬৮৮(১৬০)

তারিখ: ২৪ নভেম্বর ২০২৫

## আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন বিজ্ঞপ্তি

চট্টগ্রাম জেলা ও মহানগরীর সকল থানা এবং ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম এর অধিক্ষেত্রভুক্ত লাইসেন্সধারীর আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ ২০২৬ সালের জন্য নবায়নের কার্যক্রম ০১.১২.২০২৫ হতে ৩১.১২.২০২৫ তারিখের মধ্যে জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম এর আগ্নেয়াস্ত্র শাখায় অস্ত্র সহকারে উপস্থিত হয়ে নবায়ন করার জন্য সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীকে অনুরোধ করা হলো ।

২। উল্লেখ্য যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৫ আগস্ট ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩০ নং স্মারকের নির্দেশনা মোতাবেক যে সকল লাইসেন্সধারীর আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ বাতিল এবং কার্যক্রম স্থগিত করা হয়েছে সে সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীর আগ্নেয়াস্ত্র লাইসেন্সের পরবর্তী কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত নবায়ন কার্যক্রম স্থগিত থাকবে।

৩। ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম এর অধিক্ষেত্রভুক্ত লাইসেন্সধারীর আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ নির্ধারিত সময়সূচি মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রামে উপস্থিত হয়ে নবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

<u>অন্যান্য জ্ঞাতব্য বিষয়সমূহ:</u>

১। লাইসেন্সধারীগণের সাক্ষাৎকার গ্রহণ করা হবে।
২। নবায়ন ফি জমা প্রদানের চালান কোড নং-**১-২২১১-০০০০-১৮৫৯**
৩। বন্দুক/শর্টগান/রাইফেল-**১০,০০০/-** (দশ হাজার) টাকা
৪। পিস্তল/ রিভলবার **২০,০০০/-** (বিশ হাজার ) টাকা
৫। আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে-**১০,০০০/-** (দশ হাজার) টাকা
৬। প্রতিষ্ঠান পর্যায়ে-**২০,০০০/-**(বিশ হাজার) টাকা
৭। নবায়ন ফি এর উপর **১৫%** ভ্যাট জমা প্রদানের এ চালান কোড-**১১১০২০৪১০২০১৪-১১০০০০০০০-১১০০১০০০-১১৪১১০১**
৮। নবায়ন ফি এর উপর **১০%** উৎসকর/আয়কর জমা প্রদানের এ চালান কোড নং-**১১১০২১৫১০২৪১৩-১১০০০০০০০-১১০০১০০০-১১১১১০১**
৯। উল্লিখিত কোড নাম্বারে নবায়ন ও অন্যান্য ফি সোনালী ব্যাংক লি:, কোর্টহিল শাখা, চট্টগ্রামে জমা দিতে হবে ।
১০। সনদপ্রাপ্ত (মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত সরকারি গেজেটে বিজ্ঞাপিত) মুক্তিযোদ্ধা এবং জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত চাকুরিরত/অবসরপ্রাপ্ত সরকারি ক্যাডার সার্ভিস কর্মকর্তাদের ক্ষেত্রে লাইসেন্স নবায়ন ফি প্রযোজ্য হবে না। এ ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্র সঙ্গে আনতে হবে।
১১। স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জারিকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০২৫ এর ৩১ (ঘ) অনুচ্ছেদ অনুযায়ী আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ যথাসময়ে নবায়নে ব্যর্থ হলে তার কারণ উল্লেখ পূর্বক নবায়নের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, বরাবর আবেদন করতে হবে। আবেদন সন্তোষজনক হলে পূর্ণ লাইসেন্স ইস্যু ফি সমপরিমাণ অর্থ আদায়পূর্বক লাইসেন্স নবায়ন করা হবে। উল্লেখ্য, ব্যর্থতার কারণ সন্তোষজনক বিবেচিত না হলে লাইসেন্স বাতিলপূর্বক অস্ত্র বাজেয়াপ্ত করা হবে।

২৪/১১/২০২৫

মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা
জেলা ম্যাজিস্ট্রেট
চট্টগ্রাম।
ফোন : ০২-৪১৩৬০৯৫৫, ফ্যাক্স: ০২-৪১৩৬০৯৩৪
ই-মেইল :dcchittagong@mopa.gov.bd